

আলোকিত বাংলাদেশ

বৃহস্পতিবার ৩১ জানুয়ারি ২০১৯

জাপানে চাকরি পেয়েছে ৯ ইউআইইউ শিক্ষার্থী

জাপানের বিশ্বখ্যাত কোম্পানি হিউম্যান রিসোর্সিয়া কোম্পানিতে চাকরির সুযোগ পেয়েছেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৯ জন শিক্ষার্থী। ক্যাম্পাসে সরাসরি পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে এসব শিক্ষার্থীকে নিয়োগ দেওয়া হয়। নিয়োগ প্রক্রিয়ার অংশ হিসেবে সম্প্রতি 'ডিরেক্ট রিক্রুটিং' শীর্ষক সেমিনারের আয়োজন করে ইউআইইউ সিএসই বিভাগ। এতে উপস্থিত ছিলেন ভেনচুরাস লিমিটেডের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী উরিকো উতা ও ইউআইইউ উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। সেমিনারে জাপানের বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরির সুযোগ ও আইটি খাতের চাহিদা সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন আলোচকরা। সংবাদ বিজ্ঞপ্তি।

